ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৩৪

শান্তিরবাজার, ১৬ মে, ২০২৫

**অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিদর্শনে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ড. এল মুরুগন**

কেন্দ্রীয় তথ্য, সম্প্রচার ও সাংসদীয় বিষয়ক প্রতিমন্ত্রী ড. এল মুরুগন আজ দক্ষিণ ত্রিপুরা জেলার জোলাইবাড়ি ব্লকের অধীন পশ্চিম জোলাইবাড়ি গ্রাম পঞ্চায়েতের সুধীর সরকার পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিদর্শন করেন। এই অঙ্গনওয়াড়ি কেন্দ্রে আয়োজিত গোদভরাই অনুষ্ঠানে (স্বাদ ভক্ষণ) তিনি সন্তান সম্ভবা মা পাপিয়া দাসের হাতে ফল, মিষ্টি এবং বস্ত্র তুলে দেন। পরিদর্শনকালে তিনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশুদের বিষয়ে খোঁজ খবর নেন। অঙ্গনওয়াড়ি কেন্দ্র প্রাঙ্গণে তিনি একটি লিচু গাছের চারা রোপন করেন। সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বাঁশের তৈরি ময়ূর কেন্দ্রীয় তথ্য, সম্প্রচার ও সাংসদীয় বিষয়ক রাষ্ট্রমন্ত্রী ড. এল মুরুগনের হাতে তুলে দিয়ে তাঁকে স্বাগত জানান। কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রীর সফরকালে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফু মগ, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাপস দত্ত প্রমুখ।

*******